বিভাগীয় কমিশনার, ঢাকা

এবং

রিটার্নিং অফিসারের কার্যালয়

৩১ তলা জেলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারকঃ ০৫.৪১.৩০০০.০০০.০১২.১৮.০০৫.২৫- ৪০

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ / ১১ জানুয়ারি ২০২৬

**বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানকে কোন ধরণের সভা, সমাবেশ বা প্রচার প্রচারণার কাজে ব্যবহার না করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। নির্বাচন-পূর্ব সময়ে আচরণ বিধি কঠোরভাবে প্রতিপালনের নির্দেশনা রয়েছে। লক্ষ্য করা যাচ্ছে কোন কোন প্রার্থী বা তার পক্ষে অন্য কোন ব্যক্তি সেমিনার, সংবর্ধনা, যুব সমাবেশ ইত্যাদির নামে ভোটারদের জমায়েত করে নির্বাচনী প্রচারণার চেষ্টা করছেন। এক্ষেত্রে ভেন্যু হিসাবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ বা হলরুম ব্যবহার করার প্রবণতা দেখা যাচ্ছে। অনেক ক্ষেত্রে এসকল সমাবেশের জন্য রিটার্নিং অফিসারের অনুমতি ছাড়াই শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ স্থানীয়ভাবে শিক্ষা প্রতিষ্ঠানকে ভেন্যু হিসেবে ব্যবহারের অনুমতি দিচ্ছেন যা নির্বাচনী আচরণের সুস্পষ্ট লংঘন।

এমতাবস্থায়, রিটার্নিং অফিসারের অনুমতি ছাড়া কোন শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশের অনুমতি না দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(শরফ উদ্দিন আহমদ চৌধুরী)
বিভাগীয় কমিশনার, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারকঃ ০৫.৪১.৩০০০.০০০.০১২.১৮.০০৫.২৫-

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ / ১১ জানুয়ারি ২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা।
৪। ...................................সহকারী রিটার্নিং অফিসার (সকল)।
৫। উপজেলা/থানা নির্বাচন অফিসার..........................(সংশ্লিষ্ট সকল)
৬। প্রধান শিক্ষক ..................................................................

বিভাগীয় কমিশনার, ঢাকা
ও
রিটার্নিং অফিসার